দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 01 MAY 1989 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 6 ...

# ছাত্রাবাস থেকে আগ্নেয়াস্ত্র উদ্ধার ঃ ৩ জন গ্রেফতার

ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ গতকাল রোববার ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউটের ছাত্রাবাস থেকে বিপুল পরিমাণ আগ্নেয়াস্ত্র উদ্ধার করেছে। এব্যাপারে হোস্টেল ক্লার্ক গোলাম মোস্তফা, গার্ড হারুনর রশীদ ও আবুল বাশার নামের তিন ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছে।

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)



পলিটেকনিক ইনস্টিটিউট হোস্টেল থেকে উদ্ধার করা আগ্নেয়াস্ত্র

## ছাত্রাবাস থেকে

(১-এর পৃঃ পর)

পুলিশ জানান ঃ তল্লাশী চালিয়ে ছাত্রাবাসের অফিসকক্ষের আলমারীর পেছনে রক্ষিত একটি ব্রীফকেস থেকে একটি কাটা এসবিবিএল বন্দুক, একটি দেশীয় বন্দুক (পাইপগান), বেয়নেট, ২১ রাউন্ড বন্দুকের গুলি ও একটি পিস্তল উদ্ধার করা হয়। পরে হোস্টেলের একটি কক্ষে তল্লাশী চালিয়ে আগ্নেয়াস্ত্র তৈরির যন্ত্রাংশ, একটি রক্ত মাখা গেঞ্জি ও একটি শার্ট উদ্ধার করা হয়।

এব্যাপারে তেজগাঁও থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। তদন্ত চলছে।